

ভবিষ্যৎ পরিকল্পনা :

বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়া অব্যাহত রাখা ও জোরদারকরণ। মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে মির্জাপুর উপজেলায় প্রতিমাসে ৭২ টি স্যাটেলাইট ক্লিনিকের আয়োজন করা হচ্ছে এ উপজেলার প্রত্যন্ত এলাকায় শিল্প ও পাহাড়ী এলাকায় স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি প্রদান করার জন্য কোনো কিশোর কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে সকল সেবা কেন্দ্রকে পর্যায়ক্রমে কৈশোর বান্ধব করা। নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য নিরাপদ মাতৃত্ব, পুষ্টি, প্রজনন স্বাস্থ্য ও জন্মবিরতিকরণ বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা। পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রামাণ্য চিত্র, টিভি নাটক, টিভি স্পট, টিভি ম্যাগাজিন অনুষ্ঠান, পথ নাটক এভি ভ্যানের মাধ্যমে প্রচার করা। পরিবার পরিকল্পনা পরিদর্শকদের মাধ্যমে উঠান বৈঠকে এবং উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারদের মাধ্যমে বিদ্যালয়ে ডিজিটাল কনটেন্ট ব্যবহার করে সেবা প্রদান করা। পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সোশ্যাল মিডিয়া (ফেসবুক) ব্যবহারের মাধ্যমে মাঠপর্যায়ে একটি কার্যকরী মনিটরিং ও সুপারভিশন ব্যবস্থা গড়ে তোলা হবে।